

## রাজাপুরে শিক্ষকের বিরুদ্ধে শিশু ছাত্রকে পিটানোর অভিযোগ

### ■ বালকাঠি প্রতিনিধি

বালকাঠির রাজাপুরের ১৪নং নারিকেলবাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক উত্তম সরকারের বিরুদ্ধে ওই স্কুলের ২য় শ্রেণির ছাত্র মো. সৈকতকে (৭) পিটিয়ে ডান হাত ভেঙে দেওয়ার অভিযোগ পাওয়া গেছে। রবিবার সকালে সৈকত, তার বড় ভাই শাওন ও তার মা শামসুন্নাহার বেগম রাজাপুর সাংবাদিক ক্লাবে উপস্থিত হয়ে লিখিত অভিযোগ করেন।

সৈকত উপজেলার নারিকেলবাড়িয়া গ্রামের কৃষক জাহিদুল ইসলাম পান্নার ছেলে। সৈকতের বড় ভাই মো. রিফাত আহমেদ শাওন স্বাক্ষরিত লিখিত অভিযোগে দাবি করা হয়, গত ২ এপ্রিল দুপুরে স্কুল ছুটি হলে স্কুলের শিশুরা বাড়িতে যাওয়ার জন্য ছুটোছুটি শুরু করলে সহকারী শিক্ষক উত্তম সরকার স্কুলের পিটি করানোর জন্য বেত দিয়ে শিশুদেরকে এলোপাতাড়ি পিটুনি শুরু করে। এতে সৈকত ডান হাতে গুরুতর আঘাত পায় এবং আরো কয়েকজন শিশু আহত হয়। পরে শিশুরা পিটুনির ভয়ে দৌড়াইতে শুরু করে ৪/৫ জন ছাত্র সৈকতের গায়ের উপর পড়লে সৈকতের আঘাতপ্রাপ্ত ডান হাতের কনুইয়ের হাড় ভেঙে রক্তাক্ত হয়ে যায়। এ অবস্থায় উত্তম সরকার সৈকতকে ধরে নিয়ে পিটিতে দাঁড় করিয়ে রাখে। পরে সৈকত মাটিতে লুটিয়ে পড়লে তাকে লাইব্রেরিতে নিয়ে যায়। খবর পেয়ে অভিভাবকরা স্কুলে গিয়ে এ ঘটনার কারণ জানতে চাইলে অভিভাবকদের সাথে শিক্ষক উত্তম সরকার ও শিক্ষক আয়শা বেগম অসৌজন্যমূলক আচরণ করেন বলেও অভিযোগে উল্লেখ করা হয়। বর্তমানে ওই ছাত্রের পরিবারকে বিভিন্নভাবে হুমকি দেয়া হচ্ছে। এ বিষয়ে অভিযুক্ত শিক্ষক উত্তম সরকার দাবি করেন- পিটুনিতে হাত ভাঙেনি, পড়ে গিয়ে ভেঙেছে। বিষয়টি মীমাংসা হয়েছে। ইউএনও আফরোজা বেগম পারুল বলেন, বিষয়টি খোঁজ নিয়ে দেখা হচ্ছে।